



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

১৩ ভাদ্র ১৪৩০

তারিখঃ -----

২৮ আগস্ট ২০২৩

পিএসডি সার্কুলার লেটার নং-০৫/২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার।

প্রিয় মহোদয়,

অর্থ বিভাগের আওতায় বাস্তবায়নাত্মক সর্বজনীন পেনশন স্কিম চালু করার জন্য মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস  
এর অভিন্ন সার্ভিস চার্জ নির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ বিভাগের ১৬ আগস্ট, ২০২৩ তারিখের স্মারক নং  
০৭.০০.০০০০.১৭১.১৩.০০৯.২৩.১১৬ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত পরিপত্রে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে  
অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ মোআহিম বিল্লাহ)

পরিচালক (পিএসডি)

ফোন: ০২-৯৫৩০৩৩৪

ডিজি ( ৬২৭০ )  
২২/০৮/২৩

২৩/০৮/২৩  
TD-5

২২২(BD-W)  
২৩/০৮/২৩

২৩/০৮/২৩  
DIR (P2G)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি-১ অধিশাখা  
www.mof.gov.bd

গভর্নর অফিস, বাংলাদেশ ব্যাংক	
ডায়েরি নং- ২৬৭০	তারিখঃ ২০/০৮/২০২৩
ডেপুটি গভর্নর-১	<input type="checkbox"/> জরুরি
ডেপুটি গভর্নর-২	<input type="checkbox"/> দ্রুত ব্যবস্থা নিন
ডেপুটি গভর্নর-৩	<input type="checkbox"/> দ্রুত আপোচনা করুন
ডেপুটি গভর্নর-৪	<input type="checkbox"/> পরীক্ষা পূর্বক উপস্থাপন করুন
হেড অব বিএফআইইউ	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নির্বাহী পরিচালক-	<input type="checkbox"/> উপস্থাপন করুন
পরিচালক-	স্বাক্ষর

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৯.২৩.১১৬

০১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখঃ -----  
১৬ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

### পরিপত্র

বিষয়: অর্থ বিভাগের আওতায় বাস্তবায়নধীন সর্বজনীন পেনশন স্কিম চালু করার জন্য অভিন্ন সার্ভিস চার্জ নির্ধারণ।

দেশের সর্বস্তরের জনগণকে টেকসই পেনশন কাঠামোয় অন্তর্ভুক্তির লক্ষ্যে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সালের ৪নং আইন) প্রণয়ন করা হয়েছে। এই আইনের অধীনে চাঁদাদাতাগণ অনলাইন প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন করে যে কোন একটি পেনশন স্কিমে যুক্ত হতে পারবেন। ইতোমধ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও সরকারের অন্যান্য কার্যক্রমের নগদ অর্থ Mobile Financial Services এর মাধ্যমে বিতরণের জন্য অভিন্ন ক্যাশ আউট চার্জ (Cash Out Charge) ০.৭০ (শূন্য দশমিক সাত) শতাংশ নির্ধারণ করে গত ১২ নভেম্বর, ২০২০ তারিখের ১৪৪নং পরিপত্র জারি করা হয়েছে। সর্বজনীন পেনশন স্কিম সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের একটি অংশ বিধায় সর্বজনীন পেনশন স্কিমে Person to Government (P2G) পদ্ধতিতে চাঁদাদাতাগণ কর্তৃক পেনশন কর্তৃপক্ষের হিসাবে Mobile Financial Service এর মাধ্যমে চাঁদা প্রদানের সার্ভিস চার্জ অভিন্ন অর্থাৎ ০.৭০ (শূন্য দশমিক সাত) শতাংশ প্রযোজ্য হবে।

০২। চাঁদাদাতাগণ অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে রেজিস্ট্রেশনের পর Mobile Financial Service ব্যবহার করে Person to Government (P2G) পদ্ধতিতে পেনশন কর্তৃপক্ষের হিসাবে অর্থ জমা করলে মোবাইলে আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ চাঁদাদাতা বরাবর নিশ্চিতকরণ বার্তা (Confirmation Message) প্রেরণ করবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

২৩/০৮/২৩

নির্বাহী পরিচালক- ১১

২৩.০৮.২০২৩  
(শাববীর আহমদ)  
উপসচিব  
ফোন: ৫৫১০০০৭৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।
- ০৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ০৫। সিনিয়র সচিব/সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ০৬। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৭। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক পিএলসি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ০৮। জাতীয় কর্মসূচি পরিচালক SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ।
- ০৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ।

Bangladesh Bank Head Office Payment Systems Department Directorate Office	
23 AUG 2023	
Addl. Dir : 1/2/3/4/5/6/7/8/SSA	
Diary No-..... 2605.....	